আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**17 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসামে বিদেশী শনাক্তকরণের ভিত্তিবর্ষ ১৯৭১ সাল বহাল থাকবে বলে সুপ্রীম কোর্টের রায়দান ।

২) সর্ব্বোচ্চ আদালতের এই রায়দানকে বিভিন্ন দল-সংগঠনের স্বাগত ।

৩) সমগ্র রাজ্যে পরম্পরাগত রীতি নীতিতে কাতি বিহু অথবা কার্তিক সংক্রান্তি পালন । বরাক উপত্যকার তিন জেলায়ও আজ কার্তিক সংক্রান্তি অথবা গাড়ু সংক্রান্তি পালন ।

এবং

৪) মুম্বই-আগরতলা লোকমান্য তিলক এক্সপ্রেস আজ বিকেলে ডিমা হাসাও জেলার ডিবালং রেল স্টেশনের কাছে লাইনচ্যুত হওয়ায় শিলচর থেকে যাত্রা করা বেশ কয়েকটি ট্রেন বাতিল ।

------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আজ আসামে বিদেশী শনাক্তকরণের ভিত্তিবর্ষ ১৯৭১ সাল বহাল থাকবে বলে রায়দান করেছে । নাগরিকত্ব আইনের ৬ নম্বর দফা অনুযায়ী সুপ্রীম কোর্ট এই রায়দান করে ।আসাম সম্মিলিত মহাসংঘের আবেদনের ভিত্তিতে এসম্পর্কিত শুনানি

গ্রহণ করা হয়েছিল । মুখ্য বিচারপতি , বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে পাচজনের বিচারপীঠ আজ এই রায়দান করে । মুখ্য বিচারপতি এসম্পর্কে বলেন যে আসাম চুক্তি রাজ্যে বিদেশী নাগরিকের অবৈধ অনুপ্রবেশ রোধে একটি রাজনৈতিক সমাধান ছিল । উল্লেখ্য বিচারপীঠের চারজন বিচারপতি এর সপক্ষে রায়দান করার বিপরীতে একজন বিচারপতি বিরুদ্ধে মত পোষন করেন ।

অসম গণ পরিষদের সভাপতি তথা রাজ্যের কৃষি মন্ত্রী অতুল বরা সুপ্রীম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছেন । এছাড়া বিজেপি, কংগ্রেস, এ আই ইউডিএফ সহ বিভিন্ন দল সংগঠন এই রায়দানকে স্বাগত জানিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভাষা , সাহিত্য , শিল্প , আধ্যাত্মিকতা ইত্যাদি একটি জাতির সাংস্কৃতিক পরিচয় গঠন করে । নতুনদিল্লীতে আর্ন্তজাতিক অভিধম্মা দিবস কার্যসূচীতে ভাষন দেবার সময় প্রধানমন্ত্রী একথা বলেন । ভগবান বুদ্ধের শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে তিনি বলেন যে ভারত অমৃতকাল নামে পরিচিত একটি পরিবর্তনশীল যাত্রায় নেমেছে । যে যাত্রা ২০৪৭ সালে শিখরে উপনীত হবে । তিনি বলেন যে বুদ্ধের কালজয়ী শিক্ষা অনুসরন করে দেশ উন্নতির দিকে নতুন পথের সূচনা করেছে ।

প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের যুবক যুবতীদের বিজ্ঞান প্রযুক্তির ক্ষেত্রে বিশ্বকে এগিয়ে নিয়ে যাবার সঙ্গে সঙ্গে সমান্তরালভাবে নিজের সংস্কৃতি ও মূল্যবোধকে নিয়ে গৌরব করার আহ্বান জানান ।পালি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদানের সরকারের সিদ্ধান্ত সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে ভাষা শুধু কথা বলার মাধ্যম ই নয় এটি সভ্যতা সংস্কৃতির ভিত ।তিনি বলেন যে কেন্দ্রীয় সরকার পালি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়েছে । তাই এবার অভিধম্মা দিবস উদযাপন ঐতিহাসিক করে তুলেছে ।

দেশের বৈচিত্রপূর্ন ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে সরকারের অব্যাহত রাখা প্রচেষ্টার ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে বিশ্বের বিভিন্ন দেশের ৬০০ টি প্রাচীন সামগ্রী ও ধ্বংস্বাবশেষ দেশে ফিরিয়ে আনা হয়েছে ।প্রধানমন্ত্রী ভগবান বুদ্ধের অনুগামী সহ সকল দেশবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন

---

আজ কার্তিক বিহু । এই উপলক্ষে ক্ষেত থেকে ফসল ঘরে তোলার আগে ক্ষেতের আলে প্রদীপ জ্বালিয়ে কৃষকরা আশীর্বাদ কামনা করেন । আশ্বিনের শেষ এবং কার্তিক মাসের শুরুতে কার্তিক বিহু পালন করে কৃষকেরা শস্য শ্যামলা ফসলের আশায় প্রার্থনা জানায় ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কার্তিক বিহুর শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় তিনি এই উৎসব সবার জীবনে সুখ-সমৃদ্ধি ও সুস্বাস্থ্য বয়ে আনবে বলে আশা প্রকাশ করেন ।

আসামের রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য কার্তিক বিহু উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বিবৃতিতে শ্রী আচার্য বলেছেন যে যেহেতু আসামের একটি কৃষ্টি-সংস্কৃতি রয়েছে এবং রাজ্যের বৃহৎ সংখ্যক জনসাধারণ কৃষির ওপর নির্ভরশীল, ফলে কার্তিক বিহুর গুরুত্ব অপরিসীম । এই বিহুতে তুলসি তলায় জ্বালানো মাটির প্রদীপ তুলসী গাছের সঙ্গে আমাদের অর্ন্তনিহিত সম্পর্কের পনুরাবৃত্তি ঘটায় বলে তিনি উল্লেখ করেন

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মাও কার্তিক বিহু উপলক্ষ্যে শস্যশ্যামলা ক্ষেতে কৃষকদের স্বপ্ন উজ্জ্বল হয়ে ওঠার আশায় রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

এদিকে রাজ্য সরকারের নির্দেশমর্মে আজ কৃষিবিভাগের উদ্যোগে রাজ্যের সম জেলা ও মহকুমাগুলিতে কার্তিক বিহু পালন করা হয়েছে । সেইসঙ্গে বিভাগীয় প্রকল্পগুলির বিষয়ে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে সচেতনতা সভারও আয়োজন করা হয় । এছাড়া কৃষি বিভাগ তুলসী তলায় প্রদীপ জ্বালানো এবং মাটির শরা দেওয়া সহ ক্ষেতে আকাশবাতি জ্বালানোরও কার্যসূচী গ্রহণ করেছে।

বরাক উপত্যকায় আজ কার্তিক সংক্রান্তি অথবা গারো সংক্রান্তি হিসেবে দিনটি উদযাপন করা হয়েছে । উপত্যকার তিন জেলায় আজ এ উপলক্ষ্যে ধান ক্ষেতে প্রদীপ প্রজ্জ্বলন করে কৃষকদের সমৃদ্ধি ও শস্যের উৎপাদন বৃদ্ধির কামনায় পূজা অর্চনা করা হয় । এদিকে গারো সংক্রান্তি উপলক্ষে আজ উপত্যকার ঘরে ঘরে ৮ আনাজ রান্না করে খাওয়ার প্রচলিত প্রথা রয়েছে । এছাড়া অনেকেই সন্ধ্যায় ঘরের চারপাশে , তুলসিতলায় এবং বিভিন্ন প্রবেশ পথে অশুভ শক্তির বিরুদ্ধে প্রদীপ প্রজ্জ্বলন করেন । এদিকে একই দিনে লক্ষীপূজা এবং গারো সংক্রান্তি থাকায় উপত্যকার হাট বাজার বিশেষ করে ফল ও সব্জী বাজারে ক্রেতাদের ভীড় পরিলক্ষিত হয়েছে ।
হাইলাকান্দি জেলা কৃষি বিভাগের উদ্যোগে বড়জুরাই গ্রামে সরকারিভাবে আজ কার্তিক সংক্রান্তি অথবা কাতি বিহু পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ধান ক্ষেতে প্রদীপ জ্বালিয়ে পূজা অর্চনা করা হয় । অনুষ্ঠানে জেলা উন্নয়ন আয়ুক্ত এল ফাইরেন মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সেইসঙ্গে জেলা কৃষি আধিকারিক

আব্দুল বাসিত চৌধুরীও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এ উপলক্ষ্যে স্থানীয় কৃষকদের মধ্যে কৃষি সামগ্রী এবং সার বিতরণ করা হয় ।

করিমগঞ্জ জেলায়ও আজ জেলা প্রশাসন ও কৃষি বিভাগের উদ্যোগে কার্তিক বিহু বা কার্তিক সংক্রান্তি উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় । কার্যসূচীর মধ্যে ছিলো কৃষি বিভাগের বিভিন্ন প্রকল্পের ওপর সচেতনতামূলক আলোচনা সভা , জেলার আদরকোনা-বরগুলের ক্ষেতে কৃষকদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে আকাশবাতি প্রজ্জ্বলন করা ইত্যাদি ।
অনুরূপভাবে কাছাড় জেলায়ও আজ কার্তিক বিহু বা কার্তিক সংক্রান্তি উপলক্ষ্যে জেলা কৃষি বিভাগের উদ্যোগে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয় ।

---------------------------------------------------------------------------------

মুম্বাই আগরতলা লোকমান্য তিলক এক্সপ্রেস আজ ডিমা হাসাও জেলার ডিবালংগ রেলষ্টেশন এর কাছে বিকেল প্রায় ৪ টায় লাইনচ্যুত হয়ে যাওয়ায় শেষ পাওয়া খবর অনুযায়ী ট্রেনটির ইঞ্জিন সহ চারটি বগি লাইনচ্যুত হয়েছে ।
এদিকে পরিস্থিতি সরজমিনে খতিয়ে দেখা সহ যাত্রীদের সহায়তা করতে জরুরীকালীন পরিষেবা এবং রেল আধিকারিকরা দূর্ঘটনাস্থলে পৌছে গেছেন । এই দূর্ঘটনার তদন্ত চালানো হচ্ছে ।
রেল কতৃপক্ষ ঐস্থানে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে কাজ অব্যাহত রেখেছে ।

এদিকে শিলচর রেল স্টেশনের সুপার আকাশবানীকে জানিয়েছেন যে এর পরিপ্রেক্ষিতে আজ রাত ১০টা ৪০ মিনিটের শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস ট্রেন বাতিল করা হয়েছে । এছাড়া আজ রাত ১১টা ৫৫ মিনিটে গুয়াহাটী-শিলচর এবং আগামীকাল সকাল সাতটায় শিলচর-গুয়াহাটী বিশেষ যাত্রী ট্রেন পরিষেবাও বাতিল করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের জনস্বাস্থ্য ,কারিগরি ,পর্যটন ,দক্ষতা ,নিয়োগ ও শিল্পোদ্যোগ বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আগামীকাল করিমগঞ্জ সফরে আসছেন । আগামীকাল বিকেল ৪ টায় করিমগঞ্জ পৌঁছে তিনি দলীয় কার্যালয়ে কর্মকর্তাদের সঙ্গে মিলিত হবেন । এরপর তিনি ধলাইয়ের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা প্রশাসন ও জেলা শিশু সুরক্ষা সমিতির যৌথ ব্যবস্থাপনায় জেলার

বিভিন্ন পুলিশ কর্মীদের শিশু সুরক্ষা সংক্রান্ত প্রশিক্ষন প্রদান করতে গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে এক বিশেষ প্রশিক্ষন সভা অনুষ্ঠিত হয়েছে । প্রশিক্ষন সভায় বাল্য বিবাহ প্রতিরোধ আইন , শিশু শ্রম আইন , অবৈধ দত্তক গ্রহন , পকসো সহ বিভিন্ন শিশু সুরক্ষা আইন নিয়ে আলোচনা করা হয় । সভায় জেলা শিশু সুরক্ষা আধিকারীক প্রিয়াঙ্কা ইয়ামনাম , পি ও  এন আই সি দেবযানী দাস , সি ডব্লিউ সি-র প্রাক্তন সদস্য সত্যজিৎ দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------

করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে জেলায় প্রাইভেট ক্লিনিকেল এস্টাবলিশমেন্টগুলিকে চিকিৎসকের প্রাইভেট চেম্বারে গর্ভবতী মহিলার প্রসব পূর্ব পরীক্ষার তথ্য জানাতে নির্দেশ দিয়েছেন । পাশাপাশি ব্যাক্তিগতভাবে নিয়মিত টীকা প্রদানের তথ্য জানাতে বলা হয়েছে । নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট স্বাস্থ্য আইনে ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------